170

দৈনিক সংবাদ

তারিখ ... 04 NOV 1998 ...
পৃষ্ঠা 9 · কলাম 2 ...

### জীর্ণ ভবন, প্রধান শিক্ষকের অদক্ষতা

# ঈশ্বরদী রেলওয়ে নাজিমউদ্দিন বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত

ঈশ্বরদী, ৩রা নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)। - প্রায় অর্ধশত বছরের পুরনো ঈশ্বরদী রেলওয়ে নাজিমদ্দিন উচ্চ বিদ্যালয় ভবনটির জীর্ণ দশা এবং প্রশাসন পরিচালনায় প্রধান শিক্ষকের ব্যর্থতার কারণে ছাত্রছাত্রীদের লেখাপড়া চরমভাবে বিঘ্নিত হচ্ছে।

১৯৫২ সালে তৎকালীন সরকার ঈশ্বরদী শহরের লোকোরোডের পাশে বিশাল আকৃতির দিতল এই স্কুলভবনটি নির্মাণ করে। এটিকে উর্দু মিডিয়াম স্কুল করা হয়। পরবর্তীকালে স্বাধীনতার পর বাংলা মিডিয়াম স্কুল করা হয়। রেলওয়ে পরিচালনাধীন ঐই স্কুলে ছাত্রছাত্রীর সংখ্যা ১১৫০ শিক্ষক-শিক্ষিকা ১৬ জন।

প্রায় এক যুগ আগে থেকেই সংস্কার ও সঠিক রক্ষণাবেক্ষণের অভাবে ভবনটির বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে। ছাদ চুইয়ে পানি পড়ে অনেকগুলো ঘরে। প্লাস্টার খসে গেছে। স্কুলের পিছনে শিক্ষক ও কর্মচারীদের থাকার বাসস্থানের অবস্থাও একই রকম। ভবনের জীর্ণ দশার কারণে শিক্ষার্থীরা ভয়ে ভয়ে ক্লাস করে। অনেকগুলো ঘর তালাবদ্ধ করে রাখা হয়েছে ব্যবহারের অযোগ্য হিসেবে। বিজ্ঞানাগারেও পানি পড়ে। অবস্থা বেগতিক দেখে কর্তৃপক্ষ ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ক্লাস বন্ধ করে সম্প্রতি প্রাইমারি সেকশন বন্ধ করে দিয়েছে। ফলে অভিভাবকরা সমস্যায় পড়েছেন।

অপরদিকে প্রশাসন পরিচালনায় প্রধান শিক্ষকের ব্যর্থতার অভিযোগ রয়েছে। ক্লাস রুমগুলো ও বারান্দা নিয়মিত পরিষ্কার না করায় সব সময় বিশ্রী পরিবেশ বিরাজ করে বলে জানা গেছে।